দৈনিক বাংলা

তারিখ 20 OCT 1991
পৃষ্ঠা ... কলাম ...

# প্রকৌশল ভার্সিটি শিক্ষকদের কর্মবিরতির সিদ্ধান্ত

।। স্টাফ রিপোর্টার ।।

ক্যাম্পাসে গতকাল সন্ত্রাসী কার্যকলাপের প্রতিবাদে প্রকৌশল বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি নিরাপত্তার নিশ্চয়তা না পাওয়া পর্যন্ত বিশ্ববিদ্যা-

(৫-এর পৃঃ দ্রঃ)

## কর্মবিরতির সিদ্ধান্ত

(প্রথম পৃঃ পর)

লয়ের সকল কর্মকান্ড থেকে বিরত থাকার সিদ্ধান্ত নিয়েছে।

সমিতি গতকাল এক জরুরি সভায় এই সিদ্ধান্ত গ্রহণ করে।

চাঁদা আদায়ের ঘটনাকে কেন্দ্র করে ক্যাম্পাসে গতকাল শিক্ষকদের গাড়িতে অগ্নিসংযোগ, শিক্ষকদের শারীরিকভাবে লাঞ্ছনার প্রতিবাদে সমিতি আজ সকালে মিছিল করে প্রধানমন্ত্রীর সঙ্গে দেখা করারও কর্মসূচী নিয়েছে।

সমিতির সভায় গৃহীত অন্য একটি প্রস্তাবে শিক্ষকদের ক্ষতিগ্রস্ত সম্পদের ক্ষতিপূরণ দেয়ার দাবী জানানো হয়েছে।

এক প্রেস বিজ্ঞপ্তিতে সমিতি গতকালের ঘটনার নিন্দা ও ক্ষোভ প্রকাশ করেছে। তাদের অভিযোগ, সন্ত্রাসী কার্যকলাপ চলার সময় পুলিশ ও ফায়ার সার্ভিসকে খবর দেয়া সত্ত্বেও যথাসময়ে তারা কোন পদক্ষেপ নেয়নি এবং এর ফলে শিক্ষকগণ হতাশাগ্রস্ত।

তারা ক্যাম্পাসে নিরাপত্তার ব্যাপারে প্রধানমন্ত্রীর আশ্বাস দাবী করেছেন।